**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

# সংবাদ গতিধারা

**জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার**

**সংখ্যা : ১৩০/২০১৭-১৮**

**ঢাকা, বৃহস্পতিবার ৪ জানুয়ারি ২০১৮, ২১ পৌষ ১৪২৪**

১। মন্ত্রিসভায় জাতীয় মানসিক স্বাস্থ্য আইনের খসড়া অনুমোদন

২। দপ্তর পেলেন নতুন তিন মন্ত্রী, এক প্রতিমন্ত্রী ; চার মন্ত্রী-প্রতিমন্ত্রীর দপ্তর পুনর্বণ্টন

৩। প্রধানমন্ত্রী আজ দেশের প্রথম ৬ লেন ফ্লাইওভার উদ্বোধন করবেন

৪। অধস্তন আদালতের বিচারকদের চাকরিবিধির গেজেট গ্রহণ করেছে আপিল বিভাগ

৫। বর্তমান সরকার ২৬ হাজার স্কুল জাতীয়করণ করেছে : গণশিক্ষামন্ত্রী

৬। বাংলাদেশ-ভারত মৈত্রী সেতুর স্থান পরিদর্শনে সেতুমন্ত্রী এবং ভারতীয় হাইকমিশনার

৭। প্রতিবন্ধী শিশুরা বোঝা নয়, দেশের সম্পদ : তথ্যমন্ত্রী

৮। রোহিঙ্গাদের দেখতে আজ কক্সবাজার যাচ্ছে ওআইসি প্রতিনিধিদল

৯। সেনাবাহিনীর দুই কর্মকর্তার চিকিৎসায় প্রধানমন্ত্রীর অনুদান

১০। অনূর্ধ্ব-১৫ মহিলা জাতীয় ফুটবল দলকে আজ প্রধানমন্ত্রীর সংবর্ধনা

১১। আসন্ন এসএসসি পরীক্ষায় পরীক্ষার্থীদের পরীক্ষা শুরুর আধঘণ্টা আগে কেন্দ্রে প্রবেশ করতে হবে

১২। জাতীয় রাজস্ব বোর্ডের নতুন চেয়ারম্যান মোশাররফ হোসেন ভূঁইয়া

চলমানপাতা/২

১। **মন্ত্রিসভায় জাতীয় মানসিক স্বাস্থ্য আইনের খসড়া অনুমোদন**

মন্ত্রিসভা অপরাধ সংঘটনে কোনো মানসিক রোগীকে প্ররোচিত করার দায়ে কঠোর শাস্তি প্রদানের পরামর্শ দিয়ে 'জাতীয় মানসিক স্বাস্থ্য আইন-২০১৭'র খসড়া অনুমোদন করেছে। খসড়া আইনে লাইসেন্স ছাড়া কোনো মানসিক হাসপাতাল প্রতিষ্ঠা এবং পরিচালনার দায়ে কঠোর শাস্তি প্রদানের প্রস্তাব করা হয়েছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে তাঁর কার্যালয়ে অনুষ্ঠিত মন্ত্রিসভার বৈঠকে এ অনুমোদন দেওয়া হয়।

এদিকে সভায় বাংলাদেশ ও চেক প্রজাতন্ত্রের মধ্যে বাণিজ্য, উন্নয়ন ও অর্থনৈতিক সহযোগিতা সংক্রান্ত একটি চুক্তির খসড়া অনুমোদন করা হয়। সভায় বাংলাদেশ ও কম্বোডিয়ার মধ্যে পর্যটন ক্ষেত্রে সহযোগিতা সংক্রান্ত একটি সমঝোতা স্মারকেরও অনুমোদন দেওয়া হয়।

মন্ত্রিসভার বৈঠকে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রী এবং বিশিষ্ট মুক্তিযোদ্ধা ছায়েদুল হক, চট্টগ্রাম সিটি করপোরেশনের সাবেক মেয়র ও চট্টগ্রাম জেলা আওয়ামী লীগ সভাপতি এ বি এম মহিউদ্দিন চৌধুরী, গাইবান্ধা-১ আসন থেকে নির্বাচিত সংসদ সদস্য গোলাম মোস্তফা আহমেদের মৃত্যুতে শোক ও দুঃখ প্রকাশ করে তিনটি পৃথক শোক প্রস্তাব গ্রহণ করা হয়। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.৭), **সংবাদ** (শেষ পৃ.,ক.৩), **অবজারভার** (শেষ পৃ.,ক.৫), **নিউ নেশন** (শেষ পৃ.,ক.৬)।

২। **দপ্তর পেলেন নতুন তিন মন্ত্রী, এক প্রতিমন্ত্রী ; চার মন্ত্রী-প্রতিমন্ত্রীর দপ্তর পুনর্বণ্টন**

নবনিযুক্ত তিন মন্ত্রী ও এক প্রতিমন্ত্রীর মধ্যে দপ্তর বণ্টনের পাশাপাশি চার মন্ত্রী ও একজন প্রতিমন্ত্রীর দপ্তর পুনর্বণ্টন করা হয়েছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা রুলস অভ্ বিজনেস, ১৯৯৬-এর রুল ৩-এ প্রদত্ত ক্ষমতাবলে এসব মন্ত্রী ও প্রতিমন্ত্রীদের মধ্যে দপ্তর বণ্টন ও পুনর্বণ্টন করেছেন। গতকাল (৩ জানুয়ারি বুধবার) সচিবালয়ে মন্ত্রিপরিষদ সচিব মোহাম্মদ শফিউল আলম এসব তথ্য জানান। নবনিযুক্ত মন্ত্রীদের মধ্যে এ কে এম শাহজাহান কামালকে বেসামরিক বিমান ও পর্যটন মন্ত্রণালয়, তথ্যপ্রযুক্তিবিদ মোস্তফা জব্বারকে ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয় এবং নারায়ণ চন্দ্র চন্দকে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের মন্ত্রী করা হয়েছে। এছাড়া নবনিযুক্ত প্রতিমন্ত্রী কাজী কেরামত আলীকে শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা বিভাগের প্রতিমন্ত্রীর দায়িত্ব প্রদান করা হয়েছে। অন্যদিকে বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটনমন্ত্রী রাশেদ খান মেননকে সমাজকল্যাণ মন্ত্রী, পরিবেশ ও বনমন্ত্রী আনোয়ার হোসেন মঞ্জুকে পানিসম্পদ মন্ত্রণালয়ের মন্ত্রী করা হয়েছে। আর পানিসম্পদ মন্ত্রী আনিসুল ইসলাম মাহমুদকে পরিবেশ ও বন মন্ত্রণালয়ের দায়িত্ব দেওয়া হয়েছে। এছাড়া ডাক ও টেলিযোগাযোগ প্রতিমন্ত্রী তারানা হালিমকে দেওয়া হয়েছে তথ্য প্রতিমন্ত্রীর দায়িত্ব। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.২), **সংবাদ** (পৃ.১,ক.৭), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৬), **ডেইলি সান** (পৃ.১,ক.১)।

৩। **প্রধানমন্ত্রী আজ দেশের প্রথম ৬ লেন ফ্লাইওভার উদ্বোধন করবেন**

আজ ৪ জানুয়ারি বৃহস্পতিবার ফেনী শহরের মহিপালে দেশের প্রথম ও একমাত্র ৬ লেনের ফ্লাইওভার উদ্বোধন করা হবে। সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের সম্প্রতি ফ্লাইওভারের কাজ পরিদর্শনশেষে জানান, প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে ফেনীর মহিপালে এ ফ্লাইওভার উদ্বোধন করবেন। ওবায়দুল কাদের বলেন, এই ফ্লাইওভারের নির্মাণ কাজ নির্ধারিত সময়ের ছয় মাস আগেই সম্পন্ন হয়েছে। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৪), **সমকাল** (পৃ.১৯,ক.৬), **ডেইলি সান** (পৃ.১,ক.৮), **নিউজ টুডে** (পৃ.২,ক.৫)।

৪। **অধস্তন আদালতের বিচারকদের চাকরিবিধির গেজেট গ্রহণ করেছে আপিল বিভাগ**

অধস্তন আদালতের বিচারকদের চাকরির শৃঙ্খলা ও আচরণ বিধিমালার যে গেজেট প্রকাশ করা হয়েছে, তা স্বতঃস্ফূর্তভাবে গ্রহণ করেছেন সুপ্রিম কোর্টের আপিল বিভাগ। ভারপ্রাপ্ত প্রধান বিচারপতি মো. আবদুল ওয়াহ্হাব মিঞার নেতৃত্বাধীন আপিল বিভাগের পাঁচ সদস্যের পূর্ণাঙ্গ বেঞ্চ গতকাল (৩ জানুয়ারি বুধবার) এ

বিধিমালা গ্রহণ করেন। আপিল বিভাগ বলেছে, প্রকাশিত গেজেটে সর্বত্রই সুপ্রিম কোর্টের প্রাধান্য রয়েছে। সূত্র-**সমকাল** (শেষ পৃ.,ক.৩), **সংবাদ** (শেষ পৃ.,ক.৩), **ডেইলি স্টার** (পৃ.১,ক.৭)।

**৫। বর্তমান সরকার ২৬ হাজার স্কুল জাতীয়করণ করেছে : গণশিক্ষামন্ত্রী**

প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী অ্যাডভোকেট মোস্তাফিজুর রহমান বলেছেন, প্রাথমিক শিক্ষার ভিত্তি মজবুত হলে জাতীয় অর্থনীতি মজবুত হবে। শেখ হাসিনা ক্ষমতায় আসার পর ২৬ হাজার ১৯৩ স্কুলকে জাতীয়করণ করেছেন। প্রাথমিক শিক্ষা অধিদফতর ও গাজীপুরের কালিয়াকৈর উপজেলা পরিষদের আয়োজনে গতকাল (৩ জানুয়ারি বুধবার) গাজীপুরে ফুলবাড়ীয়া সরকারি প্রাথমিক বিদ্যালয় ও গোলাম নবী মডেল পাইলট উচ্চ বিদ্যালয় প্রাঙ্গণে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন। সূত্র-**যুগান্তর** (পৃ.১৬,ক.১), **সমকাল** (পৃ.৭,ক.৩)।

**৬। বাংলাদেশ-ভারত মৈত্রী সেতুর স্থান পরিদর্শনে সেতুমন্ত্রী এবং ভারতীয় হাইকমিশনার**

গতকাল (৩ জানুয়ারি বুধবার) খাগড়াছড়ির রামগড় মহামনিতে রামগড়-সাবরুম স্থলবন্দর এলাকায় ফেনী নদীর ওপর ভারত-বাংলাদেশ মৈত্রী সেতু-১ এর নির্ধারিত স্থান পরিদর্শন করেছেন সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের ও বাংলাদেশে নিযুক্ত ভারতীয় হাইকমিশনার হর্ষবর্ধন শ্রিংলা। পরিদর্শনকালে রামগড় পৌর মিলনায়তনে বাংলাদেশ ও ভারতের সংশ্লিষ্টদের সঙ্গে এক মতবিনিময় সভায় মিলিত হন ওবায়দুল কাদের ও হর্ষবর্ধন শ্রিংলা। সূত্র-**সংবাদ (**পৃ,২,ক.৭**), ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **ডেইলি সান** (পৃ.১,ক.৫) **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.৩,ক.৭)।

**৭। প্রতিবন্ধী শিশুরা বোঝা নয়, দেশের সম্পদ : তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু বলেছেন, অটিজম বা প্রতিবন্ধী শিশুরাও দেশের নাগরিক, তাদেরও সম-অধিকার রয়েছে। তারা বোঝা নয়, দেশের সম্পদ। অটিজম বিষয়ে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে নির্মিত 'পুত্র' ছবির মুক্তি উপলক্ষে গতকাল (৩ জানুয়ারি বুধবার) এক সংবাদ সম্মেলনে তিনি এসব কথা বলেন। মন্ত্রী বলেন, 'পুত্র' চলচ্চিত্রটি অটিজম শিশুর কাহিনী নিয়ে নির্মিত। দেশের ১৬ কোটি মানুষের এ চলচ্চিত্রটি দেখা প্রয়োজন। সমাজ, পরিবার ও রাষ্ট্রকে সচেতন করার মতো একটি ছবি। ছবিটি সবাইকে দেখার অনুরোধ করেন তথ্যমন্ত্রী। সূত্র-**যুগান্তর** (পৃ.১৭,ক.৪), **নিউজ টুডে** (পৃ.৩,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৫,ক.১)।

**৮। রোহিঙ্গাদের দেখতে আজ কক্সবাজার যাচ্ছে ওআইসি প্রতিনিধিদল**

ইসলামী সহযোগিতা সংস্থার (ওআইসি) ইনডিপেনডেন্ট পারমানেন্ট হিউম্যান রাইটস কমিটির (আইপিএইচআরসি) ১৩ সদস্যের একটি প্রতিনিধিদল তিনদিনের সফরে গতকাল (৩ জানুয়ারি বুধবার) ঢাকা পৌঁছেছে। আইপিএইচআরসির চেয়ারম্যান ড. রশিদ আল বালুশির নেতৃত্বে প্রতিনিধি দলটি মিয়ানমার থেকে বিতাড়িত রোহিঙ্গাদের দেখতে আজ কক্সবাজার যাবে। প্রতিনিধিদলের সদস্যরা গতকাল পৃথকভাবে পররাষ্ট্রমন্ত্রী এ এইচ মাহমুদ আলী, পররাষ্ট্র প্রতিমন্ত্রী এম শাহরিয়ার আলম, সচিব ও পররাষ্ট্র মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট মহাপরিচালকদের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন। সাক্ষাৎকালে তাঁরা রোহিঙ্গাদের আশ্রয় দেওয়ায় প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রশংসা করেন। সূত্র-**সমকাল** (পৃ.৪,ক.৮) **জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.৬), **নিউ নেশন** (শেষ পৃ.,ক.৪)।

**৯। সেনাবাহিনীর দুই কর্মকর্তার চিকিৎসায় প্রধানমন্ত্রীর অনুদান**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা গতকাল (৩ জানুয়ারি বুধবার) বাংলাদেশ সেনাবাহিনীর দুই কর্মকর্তার চিকিৎসার জন্য আর্থিক সহায়তা দিয়েছেন। প্রধানমন্ত্রী তাঁর ত্রাণ ও কল্যাণ তহবিল থেকে মেজর জাদিদের চিকিৎসার জন্য ৫০ লাখ টাকা দান করেছেন। এছাড়া প্রধানমন্ত্রী লেফটেন্যান্ট কর্নেল শাহীন আহমেদকে ৩০ লাখ টাকার চেক প্রদান করেন। তিনি লিভার সিরোসিসে ভুগছেন। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৫), **প্রথম আলো** (পৃ.২,ক.৪), **বাংলাদেশ টুডে** (পৃ.৩,ক.৫), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.২,ক.৮)।

**১০। অনূর্ধ্ব-১৫ মহিলা জাতীয় ফুটবল দলকে আজ প্রধানমন্ত্রীর সংবর্ধনা**

আজ (৪ জানুয়ারি বৃহস্পতিবার) গণভবনে প্রধানমন্ত্রীর সংবর্ধনা পাচ্ছে অনূর্ধ্ব-১৫ মহিলা জাতীয় ফুটবল দল। ক্রীড়াপ্রেমী প্রধানমন্ত্রী শেখ হাসিনা আজ বিকাল সাড়ে ৩টায় মেয়েদের অনূর্ধ্ব-১৫ সাফ ফুটবলে চ্যাম্পিয়ন বাংলাদেশ দলকে আমন্ত্রণ জানিয়েছেন গণভবনে। জানা গেছে, সংবর্ধনার পাশাপাশি দলের প্রত্যেক সদস্যের হাতে তুলে দেওয়া হবে এক লাখ টাকা। প্রসঙ্গত, গত ২৪ ডিসেম্বর ঢাকার কমলাপুরের বীরশ্রেষ্ঠ সিপাহি মোস্তফা কামাল স্টেডিয়ামে অনূর্ধ্ব-১৫ সাফ টুর্নামেন্টের ফাইনালে ভারতকে ১-০ গোলে হারিয়ে শিরোপা জেতে বাংলাদেশ। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.৭), **সমকাল** (পৃ.১০,ক.১)।

**১১। আসন্ন এসএসসি পরীক্ষায় পরীক্ষার্থীদের পরীক্ষা শুরুর আধঘণ্টা আগে কেন্দ্রে প্রবেশ করতে হবে**

আসন্ন এসএসসি ও সমমানের পরীক্ষায় পরীক্ষার্থীদের পরীক্ষা শুরুর আধা ঘণ্টা আগে অবশ্যই পরীক্ষার হলে প্রবেশ করতে হবে। অন্যথায় পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না। শিক্ষা মন্ত্রণালয় নকলমুক্ত পরিবেশে পরীক্ষা অনুষ্ঠানের জন্য এ সিদ্ধান্ত নিয়েছে। পাবলিক পরীক্ষা অনুষ্ঠানে বিভিন্ন ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে সুপারিশ প্রণয়নের জন্য গঠিত কমিটির এক সভা গতকাল (৩ জানুয়ারি বুধবার) সচিবালয়ে শিক্ষা মন্ত্রণালয়ের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সচিব সোহরাব হোসাইন সভায় সভাপতিত্ব করেন। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৬), **ডেইলি স্টার** (পৃ.২,ক.১)।

**১২। জাতীয় রাজস্ব বোর্ডের নতুন চেয়ারম্যান মোশাররফ হোসেন ভূঁইয়া**

জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর)-এর নতুন চেয়ারম্যান হিসেবে নিয়োগ পেয়েছেন শিল্প মন্ত্রণালয়ের সাবেক সিনিয়র সচিব মোশাররফ হোসেন ভূঁইয়া। গতকাল (৩ জানুয়ারি বুধবার) তাঁকে চুক্তিভিত্তিতে দুই বছরের জন্য নিয়োগ দিয়ে প্রজ্ঞাপন জারি করে জনপ্রশাসন মন্ত্রণালয়। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.১), **সমকাল** (শেষ পৃ.,ক.৫), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.৮), **অবজারভার** (পৃ.১,ক.১)।

## সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** রাজধানীর ৯৫ শতাংশ ভাড়া বাড়িরই কোনো জরুরি নির্গমন ব্যবস্থা নেই এক প্রতিবেদনে তা প্রকাশিত হওয়ায় এ ব্যাপারে যথাযথ উদ্যোগ নেওয়ার সুপারিশ।

খ. **প্রথম আলো :** যশোরের মনিরামপুর উপজেলার রাজগঞ্জ ঝাঁপা বাঁওড়ে দেশীয় প্রযুক্তি ব্যবহার করে স্থানীয় মানুষের ভাসমান সেতু তৈরির উদ্যোগটি অনুসরণীয় দৃষ্টান্ত বলে উল্লেখ করে দেশের বিভিন্ন স্থানে এরকম স্থানীয় উদ্যোগে অনেক বড় বড় সমস্যার সমাধান হচ্ছে বলে মন্তব্য।

গ. **জনকণ্ঠ :** বাংলাদেশ ও ভারত জালনোট ও জালিয়াত চক্র ঠেকাতে এবং উভয় দেশের অর্থনৈতিক স্থিতিশীলতা বজায় রাখার স্বার্থে যৌথ টাস্কফোর্স গঠনের মধ্য দিয়ে সিদ্ধান্ত গ্রহণ ও বাস্তবায়নের ঐকমত্যে পৌঁছায় স্বস্তি প্রকাশ।

গ. **সংবাদ :** নৌ, সড়ক ও রেলপথ রক্ষা জাতীয় কমিটির এক পরিসংখ্যানে ২০১৬ সালের তুলনায় ২০১৭ সালে সড়ক দুর্ঘটনায় মৃত্যুর হার বেড়েছে ২৫ দশমিক ৫৬ শতাংশ-এ তথ্যে উদ্বেগ প্রকাশ করে সড়ক দুর্ঘটনা রোধে সমন্বিতভাবে কার্যকর পদক্ষেপ নেওয়ার আহ্বান।

ঘ. **সমকাল :** বরিশালের মেহেন্দীগঞ্জে বয়স্ক ভাতা নিয়ে ব্যাপক দুর্নীতির অভিযোগ ওঠায় সারাদেশের বিভিন্ন এলাকায় বয়স্ক ভাতা নিয়ে দুর্নীতি বন্ধে কঠোর নজরদারির সুপারিশ।

ঙ. **ইন্ডিপেনডেন্ট :** নারী নির্মাণ শ্রমিকরা কাজের নিরাপত্তা, সামাজিক নিরাপত্তা, প্রাপ্য মজুরি, পেশাগত প্রশিক্ষণ ও স্বাস্থ্যসেবার সুযোগ-সুবিধা থেকে বঞ্চিত থাকার পরিপ্রেক্ষিতে সরকারকে এসব বিষয়ের নিশ্চয়তা বিধানে যথাযথ উদ্যোগ নেওয়ার আহ্বান।

ছ. **ডেইলি সান :** দেশের বিভিন্ন স্থানে নদী পারাপারের ফেরিগুলোর মেয়াদ উত্তীর্ণ হয়ে ঝুঁকিপূর্ণ হয়ে পড়ায় সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে এসব ফেরি মেরামতে ও নতুন ফেরি সংযোজনের সুপারিশ।

জ. **ডেইলি স্টার :** ঢাকার কেরানীগঞ্জের খাল ময়লা আবর্জনায় বন্ধ হয়ে যাওয়া, সিলেটের সুরমা নদীতে আবর্জনায় জলজ প্রাণী ও মানুষের জন্য হুমকি হয়ে পড়া ও লালমনিরহাটে ইটের ভাটায় ভূ-উপরিস্থ মাটি ব্যবহার করা-এসব বিভিন্ন বিষয় তুলে ধরে এ ধরনের ধ্বংসাত্মক কর্মকাণ্ড প্রতিহত করতে কর্তৃপক্ষকে কঠোর আইনি পদক্ষেপ নেওয়ার আহ্বান।

ঞ. **নিউ এজ :** চাহিদা অনুযায়ী রেলের টিকিট সরবরাহের ব্যবস্থাকরাসহ রেলওয়ের উন্নয়নে আরও কার্যকর পদক্ষেপ নেওয়ার প্রত্যাশা ব্যক্ত করে সম্পাদকীয় প্রকাশ।

## উপসম্পাদকীয়

**যায়যায়দিন** পত্রিকায় প্রকাশিত কলামে অভিমত ব্যক্ত করা হয়েছে, রাজনৈতিক স্থিতিশীলতা অর্থনৈতিক অগ্রগতির অনুকূল পরিবেশ সৃষ্টি করে।

## নিবন্ধ ও ফিচার

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত **'গণতন্ত্রের ভালো মন্দ'** শিরোনামের নিবন্ধে শিক্ষা ও গবেষণার উন্নয়ন এবং যথার্থ গণতন্ত্রচর্চার মাধ্যমে আমাদের দেশ উন্নত দেশে পরিণত হবে বলে অভিমত প্রকাশ।

#

শুকলা/মরজিনা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৮/৯.০০ঘন্টা